

বেইজিং-এ মহান বিজয় উদযাপন
১৬ ডিসেম্বর ২০২২, বেইজিং
প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, বেইজিং আজ ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ যথাযথ মর্যাদা ও উৎসব মুখর পরিবেশে মহান বিজয় দিবস উদযাপন করেছে। সকালে রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন, এনডিসি কর্তৃক জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচী শুরু হয়।

বেইজিং শহরে কোভিড-১৯ এর প্রকোপ বেড়ে যাওয়ায় দূতাবাস অনুষ্ঠানটি জুম প্ল্যাটফর্মের মাধ্যমে আয়োজন করে। অনুষ্ঠানে দূতাবাসের সকল কর্মকর্তা, কর্মচারী, তাদের পরিবারের সদস্যবৃন্দ এবং চীনে বসবাসরত বাংলাদেশী কমিউনিটির সদস্যরা অংশগ্রহণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারবর্গ এবং মুক্তিযুদ্ধের সকল বীর শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে এবং দেশ ও জাতির সর্বাঙ্গীন কল্যাণ কামনা করে দোয়া পরিচালনা করার মধ্য দিয়ে বিকেলের কর্মসূচী শুরু হয়। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী ৩০ লক্ষ বীর শহিদ ও ২ লক্ষ মা-বোনের আত্মত্যাগের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়। এরপর দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করা হয় এবং প্রামাণ্যচিত্র “বিশ্ববন্ধু বঙ্গবন্ধু” প্রদর্শন করা হয়।

রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন, এনডিসি দিবসটির তাৎপর্যের উপর আলোকপাত করেন। আলোচনা অনুষ্ঠানের শুরুতে রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

তিনি বলেন যে, আমাদের স্বাধীনতা এক বিশাল ত্যাগের বিনিময়ে অর্জিত। শুধুমাত্র স্বাধীনতার জন্যই বাঙালী ৩০ লক্ষ প্রাণ বিসর্জন দিয়েছে। তিনি বলেন, একটা জাতি হিসেবে, আমাদের অধিকার প্রতিষ্ঠার জন্য, একটা জাতি হিসেবে নিজেদের পরিচয় রক্ষার জন্য বাঙালী স্বাধীনতা চেয়েছিল। মানুষ হিসেবে আত্মমর্যাদা, এবং আত্মপরিচয় রক্ষার যে পরিবেশ দরকার সেটা নিশ্চিত হয় একমাত্র স্বাধীনতার মধ্য দিয়ে। রাষ্ট্রদূত আরও উল্লেখ করে বলেন, কোভিড-১৯ মহামারির মধ্যেও বাংলাদেশ অর্থনৈতিক ক্ষেত্রে ইতিবাচক প্রবৃদ্ধি অর্জন করেছে। কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ তথ্য-প্রযুক্তিসহ নানা ক্ষেত্রে আর্থ-সামাজিক উন্নয়নের প্রতিটি ক্ষেত্রে বাংলাদেশ এখন “রোল মডেল”। তিনি উল্লেখ করেন যে, জাতির পিতা স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। তিনি সকলকে মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে যার যার জায়গা থেকে দেশের জন্য কাজ করে যাওয়ার আহ্বান জানান।

এরপর মহান বিজয় দিবস উপলক্ষ্যে দূতাবাসের কমার্শিয়াল কাউন্সেলর জনাব মোহাম্মদ মনসুর উদ্দিন, ইকোনমিক কাউন্সেলর জনাব মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া ও প্রথম সচিব মিজ পারুল দেওয়ানের সঞ্চালনায় ১৯৫২’র ভাষা আন্দোলন থেকে শুরু করে ১৯৭১’র মহান মুক্তিযুদ্ধ পর্যন্ত সংঘটিত ঐতিহাসিক ঘটনাপ্রবাহ ভিত্তিক সাংস্কৃতিক পরিবেশনা করা হয়।

এছাড়া, দূতাবাস বিজয় দিবস উপলক্ষ্যে অনলাইনে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করে।

